

## বরিশালে দুই কলেজে পৃথক সংঘর্ষে আহত ৩

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

অধিপত্য বিস্তার ও সিনিয়র-জুনিয়র নিয়ে বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট এবং অনূত পাল দে মহাবিদ্যালয়ে ছাত্রদের মধ্যে পৃথক দুটি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আহত হয়েছে দুই কলেজের ৩ ছাত্র। শনিবার সকালে পলিটেকনিক ইনস্টিটিউটের প্রধান ছাত্রাবাসে ও অনূত পাল দে মহাবিদ্যালয়ের পেছনের গেটে এ সংঘর্ষের ঘটনা ঘটে। পলিটেকনিক ক্যাম্পাসে সূত্রে জানা গেছে, ইনস্টিটিউটের ইলেকট্রনিক বিভাগের ২য় বর্ষের ছাত্র ও ছাত্রলীগ কর্মী তরিকুল ইনসান, ইনসান্টিপ, মিনাতি কয়েকজন বহিরাগত প্রদান ছাত্রাবাসে প্রবেশ করে। অননুমতি ছাড়া ছাত্রাবাসের পূর্ব ঢাকের ৩০১ কক্ষে ঢুকায় একই বিভাগের ৩য় বর্ষের ছাত্র আরাকাত ও ফেরদৌসের সাথে কথাকাটাকাটি হয়। ওই পর্যায়ে তরিকুল তার দলবল নিয়ে আরাকাত ও ফেরদৌসের ওপর হামলা চালায়। এতে আরাকাত ও ফেরদৌস আহত হয়েছে। এনিকে অনূত পাল দে মহাবিদ্যালয়ের পিছনের গেটে সিনিয়র-জুনিয়র নিয়ে সংঘর্ষে এক ছাত্রকে হুঁপিয়ে আহত করেছে প্রতিপক্ষ। আহত ১ম বর্ষের ছাত্র মাহামুদুর রহমান রেহা জানিয়েছেন, একই কলেজ থেকে গত বছর পাস করে যাওয়া ওড ও পায়লের সঙ্গে পূর্ব বিরোধ ছিল। তার রেহা ধরে শনিবার সকালে অস্ত্র নিয়ে এসে হামলা চালায় ওড, পায়লসহ কয়েকজন। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে স্থানীয়রা আহতকে উদ্ধার করে বরিশাল সদর জেনারেল হাসপাতালে নিয়ে যায়।